মাননীয় পৌরপ্রধান,
কামারহাটি পৌরসভা,
বেলঘরিয়া, কলকাতা ৫৬ তারিখ: ১৩/০৬/২০২৪

বিষয়: বিনা আলোচনা সাপেক্ষে আমাদের বাড়ির দেওয়ালে লোহার দরজা বসানো এবং দেওয়াল বরাবর বেআইনি নির্মাণ

মহাশয়,
বেলঘরিয়ায় আমাদের প্রতিবেশী - ৩৫ নম্বর ওয়ার্ডের ৩/১ যতীন দাস নগরের বাসিন্দা শ্রী অমলেন্দু দত্ত এবং শ্রীমতী মালতী দত্ত, বিনা অনুমতিতে এবং কোনো আলোচনা ছাড়া আমাদের বাড়ির দেওয়ালে লোহার গেট লাগিয়েছেন, এবং দেওয়াল বরাবর বেআইনি নির্মাণ করেছেন।

আমার অশীতিপর মা শ্রীমতী গায়ত্রী ব্যানার্জী মৌখিকভাবে না করা সত্ত্বেও তারা বিরত হননি। বরং আমার অসুস্থ মাকে অকথ্য ভাষায় গালিগালাজ করেছেন।

আমার মা হার্টের সমস্যাসহ অন্যান্য শারীরিক কারণে অসুস্থ। উনি আমার প্রতিবন্ধী বোন শ্রীমতী নির্মাল্য ব্যানার্জীকে নিয়ে নিজস্ব বাড়িতে বসবাস করেন। আমি কর্মসূত্রে বেলঘরিয়ার বাইরে থাকি।

প্রতিবেশীর আচরণ এবং পদক্ষেপে আমার মা এবং বোন, দুজনেই নিরাপত্তাহীনতা বোধ করছেন, এবং ওদের শারীরিক ও মানসিক শান্তি বিঘ্নিত হচ্ছে।

অতীতেও এমন ঘটনা ঘটেছে। তার পরিপ্রেক্ষিতেই আমার মা আপনার সমীপে ২৯/০৩/২০১৮ তারিখে একটি চিঠি প্রেরণ করেন। সেই সময় পৌরসভা প্রয়োজনীয় পদক্ষেপ করেছিল। ঐ সময় পৌরসভা কর্তৃক ১৬/০৪/২০১৮ তারিখে প্রেরিত চিঠি - (Ref: 10/2/PWD(B), এই ক্ষেত্রে প্রণিধানযোগ্য।

এবারও পৌরসভা যথোপযুক্ত পদক্ষেপ করে আমার বৃদ্ধা মা এবং শারীরিকভাবে প্রতিবন্ধী বোনের নিরাপত্তা, শারীরিক ও মানসিক শান্তি এবং সুস্থিতি নিশ্চিত করবেন বলে আশা রাখি।
নমস্কারান্তে
তীর্থঙ্কর বন্দ্যোপাধ্যায়

ঠিকানা:
৩/২ যতীন দাস নগর
বেলঘরিয়া, কলকাতা- ৫৬
মোবাইল (শ্রীমতী গায়ত্রী ব্যানার্জী): 9903463464